ব্রাজিলে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুন্নেসা

চেম্বার ডেস্ক:: ব্রাজিলে বাংলাদেশের পরবর্তী রাষ্ট্রদূত হিসেবে সাদিয়া ফয়জুন্নেসাকে নিয়োগ দিয়েছে সরকার। তিনি নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল হিসেবে দায়িত্বরত আছেন।

আজ সোমবার (২ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ নিয়োগের কথা জানায় পররাষ্ট্র মন্ত্রণালয়।

বিসিএস ১৮তম ব্যাচের পেশাদার কূটনীতিক ফয়জুন্নেসা ১৯৯৯ সালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেন। এ পেশায় তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ে জাতিসংঘ বিষয়ক মহাপরিচালকের দায়িত্ব পালন করেন। এ ছাড়া তিনি নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে উপ-স্থায়ী প্রতিনিধির দায়িত্বসহ ব্যাংকক, বার্লিন এবং মন্ত্রণালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত ছিলেন।

সাদিয়া ফয়জুন্নেসা ব্রাক বিশ্ববিদ্যালয় থেকে ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমবিবিএস ডিগ্রি অর্জন করেন।